



প্লাবিত ওড়িশার জাজপুর, ভদ্রক, বালেশ্বর। ডানদিকে, জলের তোড়ে বেহাল রাস্তা। বালেশ্বরে, বৃহস্পতিবার। ছবি: পিটিআই

# ওড়িশায় বানভাসি ১৬০০ গ্রাম, ১৪ শহর

**সংবাদ সংস্থা**

ভুবনেশ্বর, ৩০ জুলাই

ওড়িশার উত্তরপ্রান্তে বন্যা পরিস্থিতি এখনও মারাত্মক। রাজ্য জুড়ে জারি হয়েছে সর্বোচ্চ সতর্কতা। পাশাপাশি, মহানদীর জলস্তর বাড়ার ফলে তৈরি হয়েছে বন্যার আশঙ্কাও। টানা কয়েক দিনের মুষলধারে বৃষ্টির জেরে রাজ্যের বিভিন্ন জেলার গ্রাম, রাস্তাঘাট এবং কৃষিজমি ইতিমধ্যেই জলের তলায় চলে গেছে। কোথাও জলের তোড়ে ভেসে গেছে ভারী এক্সক্যাভেটর, আবার কোথাও খরস্রোতা নদীতে ট্র্যাক্টরের ওপর আটকে পড়া দু’জনকে বাঁচাতে নিজের জীবন বাজি রেখেছেন এক তরুণ। রাজ্যের মোট পাঁচটি জেলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এর জেরে বিপর্যয়ের মুখে পড়েছেন সাড়ে পাঁচ লক্ষেরও বেশি মানুষ। লাগাতার বৃষ্টির কারণে পাঁচটি জেলার ৫৪টি ব্লক, ৭৭৯টি গ্রাম পঞ্চায়েত, ১,৬০০টি গ্রাম এবং ১৪টি শহর এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্য জুড়ে আক্রান্ত হয়েছেন সাড়ে পাঁচ লক্ষেরও বেশি মানুষ। রাজস্ব ও বিপর্যয় ব্যবস্থাপনা মন্ত্রী সুরেশ পূজারি জানিয়েছেন, উত্তর ওড়িশার কিছু নদীর জল কমতে শুরু করলেও সেগুলি এখনও বিপদসীমার ওপর দিয়ে বইছে। ফলে রাতের মধ্যেই প্লাবিত হয়েছে নতুন নতুন এলাকা। বন্যা–কবলিত জেলাগুলির সমস্ত কর্মীর ছুটি বাতিল করা হয়েছে। প্রবল বর্ষণের জেরে সৃষ্ট বন্যায় বালেশ্বর, ভদ্রক, জাজপুর এবং ময়ূরভঞ্জ জেলার বহু গ্রাম জলের তলায় চলে গেছে। নিম্নচাপের প্রভাবে এই বৃষ্টিপাত হয়েছে। নবরঙ্গপুর এবং কালাহাণ্ডি জেলার সমস্ত স্কুল ও অঙ্গনওয়াড়ি কেন্দ্র বন্ধ রাখার নির্দেশ দিয়েছে প্রশাসন। যুদ্ধকালীন তৎপরতায় চলছে উদ্ধারকাজ। নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে ১ লক্ষ ৬৫ হাজারের বেশি মানুষকে। সবমিলিয়ে এই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন ছ’লক্ষেরও বেশি মানুষ। জাজপুরের জেলাশাসক জানিয়েছেন, বুধবার রাতে দশরথপুর ব্লকের পাটনা এলাকার কাছে বৈতরণীর শাখানদী কানির বাঁধে দুটি ফাটল দেখা দেয়। এরপরেই পরিস্থিতি আরও খারাপ হয়। এতে মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তিনটি ব্লকের মানুষ। এর ওপর মহানদীর ফুলেফেঁপে ওঠা নতুন করে উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। ছত্তিশগড় ও মধ্যপ্রদেশের উচ্চ অববাহিকায় ভারী বৃষ্টির কারণে নদী অববাহিকা সংলগ্ন জেলাগুলিকে সতর্ক করা হয়েছে।

# অসমে মৃত বেড়ে ৭৮

**তরুণ চক্রবর্তী**

আগরতলা, ৩০ জুলাই

অসমের বন্যা–পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও, প্রবল বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাদের পূর্বাভাস অনুযায়ী, আগামী তিন–চার দিন অসম–সহ গোটা উত্তর–পূর্বাঞ্চলেই ভারী থেকে অতিভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। রয়েছে মেঘভাঙা বৃষ্টি ও হড়পা বানের আশঙ্কাও। তাই জেলা প্রশাসনকে সতর্ক করা হয়েছে। ইতিমধ্যেই রাজ্যে স্বাভাবিকের তুলনায় ১৮১ শতাংশ বৃষ্টিপাত বেশি হয়েছে বলে জানা গিয়েছে। রাজ্যের পাশাপাশি অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে নাগাল্যান্ডেও গত ৫০ বছরের রেকর্ড ভেঙে বিধ্বংসী বন্যায় বিপর্যস্ত জনজীবন। অতীতে যে–সব এলাকায় বন্যা হয়নি, এবার সেই সব জায়গাতেও বন্যার প্রকোপ ছিল ভয়ঙ্কর।

রাজ্য দুর্যোগ মোকাবিলা বাহিনী সূত্রে খবর, মৃতের সংখ্যা ৭৮ ছুঁয়েছে। আরও প্রাণহানির শঙ্কা রয়েছে। কারণ বহু মানুষ এখনও নিখোঁজ। বন্যা–পরিস্থিতির কিছুটা উন্নতি হতেই মানুষ ঘরে ফিরতে শুরু করেছেন। বৃহস্পতিবার শিবসাগর জেলার বন্যা–কবলিত নেপালিখুতির মানুষ ঘরে ফিরে দেখেন, সেখানে কাদার মধ্যে মাখামাখি হয়ে রয়েছে দুই গ্রামবাসীর মরদেহ। জল নামতেই তাঁদের দেহ ভেসে উঠেছে বলে গ্রামবাসীরা জানিয়েছেন। রাজ্যের শ্রমমন্ত্রী রামেশ্বর তেলির আশঙ্কা, এমন অনেক দেহ উদ্ধার হতে পারে। উদ্ধারকারী দল এখনও বহু জায়গায় পৌঁছোতে পারেনি। তাঁর দেওয়া তথ্য অনুযায়ী, অসমের অন্তত ৩০টি চা–বাগানে বন্যার জল ঢুকেছে। এর মধ্যে ১১টি চা–বাগানের ব্যাপক ক্ষতি হয়েছে বন্যায়। রাজ্যের এখনও তিন লক্ষ মানুষ বন্যা–কবলিত।

# ‘এ যেন নিজের দেশে ফেরা’

● ১ পাতার পর

দীর্ঘ সময় দূরে থাকলেও পশ্চিমবঙ্গের সঙ্গে সেই সংযোগ কমেনি।’ তসলিমা বলেন, ‘ফিরছি আনন্দ নিয়ে। বেদনাও রয়েছে। এখানে আমার ঘর, বন্ধুবান্ধব, পাঠক, আপনজন ছিল। আমার জীবন থেকে প্রায় উনিশটি বছর কেড়ে নেওয়া হয়েছে। সেই হারানো সময় কোনও ভাবেই ফিরে পাওয়া সম্ভব নয়। আমি আগন্তুক বা অতিথি হিসেবে নয়, ফিরছি এমন একজন হিসেবে, যে নিজেকে সবসময়ই বাংলার অবিচ্ছেদ্য অংশ বলে মনে করেছে।’ তসলিমা বলেন, ‘আমি স্বেচ্ছায় কলকাতা ছাড়িনি। তৎকালীন পশ্চিমবঙ্গ সরকার আমাকে রাজ্য ছাড়তে বাধ্য করেছিল। তবুও ফেরার আশা ছাড়িনি। প্রায় ১৯ বছর পর ফিরে আসা এবং কলকাতার প্রাণকেন্দ্রে প্রকাশ্যে কথা বলা এক অবাস্তব অনুভূতি। আমার কাছে এটা এমন এক কণ্ঠস্বরের ফিরে আসা, যাকে একসময় মৌলবাদীরা স্তব্ধ করে দিতে চেয়েছিল। ওই মঞ্চে আমার উপস্থিতি প্রমাণ করবে, হুমকি বা ফতোয়া হয়তো একজন লেখককে সাময়িক ভাবে নির্বাসিত করতে পারে কিন্তু তাঁর চিন্তাধারাকে মুছে ফেলতে পারে না।’

বলেন, ‘আমি ভারতের নাগরিক নই। তবুও আমার মতো একজন নির্যাতিত লেখককে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে এই দেশের যে উদারতা, তাতে আমি গভীর ভাবে অভিভূত। আমাকে যে সমর্থন ও সুরক্ষা বর্তমান পশ্চিমবঙ্গ সরকার দিয়েছে তার জন্য আমি আন্তরিক ভাবে কৃতজ্ঞ। বাংলাদেশে ধর্মনিরপেক্ষ চিন্তাধারা, ধর্মীয় বিষয়ের সমালোচনা এবং সৎ বুদ্ধিবৃত্তিক বিতর্কের পরিসর বিপজ্জনক ভাবে সঙ্কুচিত হয়ে পড়েছে। ধর্ম, সংস্কৃতি, পারিবারিক সম্মান ও ঐতিহ্যের দোহাই দিয়ে নারীদের এখনও নিয়ন্ত্রণ করা হয়।’

## বাংলাদেশের সঙ্গে জলচুক্তি

# ‘পশ্চিমবঙ্গের স্বার্থ অক্ষুণ্ণ থাকবে’

**আজকালের প্রতিবেদন**

দিল্লি, ৩০ জুলাই

গঙ্গা এবং তিস্তার জলচুক্তি পুনর্নবীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি রাজ্য এবং এই চুক্তি নিয়ে রাজ্য সরকারের সঙ্গে গুরুত্ব সহকারে আলোচনা করতে হবে। ভারত–বাংলাদেশ সম্পর্ক নিয়ে বৃহস্পতিবার লোকসভায় পেশ করা বিদেশ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির রিপোর্টে এই সুপারিশের উল্লেখ করা হয়েছে। কমিটির সুপারিশের ভিত্তিতে বিদেশ মন্ত্রক জানিয়েছে, পশ্চিমবঙ্গ সরকার–সহ সব পক্ষের সঙ্গে আলোচনা করা হবে। যাতে সব পক্ষের স্বার্থ রক্ষা হয়, সে বিষয়ে গুরুত্ব দেওয়া হবে।

বিদেশ মন্ত্রক জানিয়েছে, ‘গঙ্গার জল ভাগাভাগি নিয়ে ২০২৩ সালের জুলাইয়ে আন্তঃমন্ত্রক পর্যায়ের একটি কমিটি গঠন হয়েছে। কমিটির সদস্য হিসেবে রয়েছেন পশ্চিমবঙ্গ এবং বিহার রাজ্য সরকারের প্রতিনিধি। বাংলাদেশে তৈরি হওয়া নতুন সরকারের নেতৃত্বে আলোচনা শুরু হতে চলেছে।’ তিস্তা চুক্তি প্রসঙ্গে সুপারিশের জবাবে বিদেশ মন্ত্রক জানিয়েছে, ‘যুক্ত থাকা রাজ্যগুলির সঙ্গে অবাধ, বিস্তারিত আলোচনার মাধ্যমে ঐকমত্যে পৌঁছোনো কেন্দ্রের অন্যতম প্রধান লক্ষ্য। সব পক্ষের স্বার্থ যাতে সুরক্ষিত থাকে এবং সবার পক্ষেই গ্রহণযোগ্য হয়, সেই লক্ষ্যেই আলোচনার প্রয়াস রয়েছে।’

কমিটির সুপারিশে জানানো হয়েছিল, গঙ্গা চুক্তি পুনর্নবীকরণে অত্যন্ত গুরুত্বপূর্ণ পশ্চিমবঙ্গ। সেই রাজ্যের অর্থমন্ত্রী এই চুক্তির বিধি তৈরিতে ভূমিকা পালন করেছেন। ২০২৫ সালের মার্চে কলকাতায় এই বিষয়ে হওয়া বৈঠকে অংশগ্রহণ করেছে পশ্চিমবঙ্গ সরকার। ২০২৬ সালে যাতে সময়ে চুক্তি পুনর্নবীকরণ করা যায়, তার জন্য রাজ্য সরকারের সময়ে আলোচনা শুরু করার সুপারিশ করে বিদেশ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি। বাংলাদেশের সঙ্গে আলোচনায় যাতে দেশের পাশাপাশি বিহার ও পশ্চিমবঙ্গের স্বার্থ অক্ষুণ্ণ থাকে, সেই লক্ষ্যেই আলোচনা করার সুপারিশ করা হয় কমিটির তরফে।

## বিদেশ বিষয়ক সংসদীয় কমিটির রিপোর্ট

# ভারত সীমান্তের অদূরে চীনের ১২ যুদ্ধবিমান

**আজকালের প্রতিবেদন**

ভারত সীমান্তের কাছে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় পঞ্চম প্রজন্মের যুদ্ধবিমানের সবচেয়ে বড় সমাবেশ করা হয়েছে চীনের তরফে। বাণিজ্যিক উপগ্রহ পরিচালনাকারী সংস্থা ভ্যানটর কিছু ছবি তুলেছে। তাতে দেখা যাচ্ছে, জিনজিয়াংয়ের হোটান ও দামজুং–এর বিমানঘাঁটিতে যুদ্ধবিমানের রণসজ্জা তৈরি রেখেছে চীন। ৯ জুলাইয়ের উপগ্রহচিত্রে দেখা গেছে, আটটি জে২০ মাইটি ড্রাগন স্টিল্‌থ যুদ্ধবিমান হোটানের ট্যারম্যাকে রাখা আছে। উত্তর লাদাখে ভারতের দৌলতবেগ ওল্ডি বায়ুসেনা ঘাঁটি থেকে ২৪৫ কিমি এবং লেহ থেকে ৩৮৯ কিমি দূরে রয়েছে চীনের হোটান বায়ুসেনা ঘাঁটি। আবার ২৫ জুনের উপগ্রহচিত্রে দেখা গেছে, আরও চারটি জে২০ মাইটি ড্রাগন স্টিল্‌থ যুদ্ধবিমান তিব্বতের লাসা প্রিফেকচারের দামজুং বায়ুসেনা ঘাঁটিতে সজ্জিত রয়েছে। দামজুং অরুণাচলের তাওয়াঙ থেকে ৩৪৪ কিমি দূরে।


**ESAF**
ESAF SMALL FINANCE BANK

REGD. OFFICE: ESAF Bhavan, Mannuthy, Thrissur- 680 651, Kerala

**GOLD AUCTION NOTICE**

Notice is hereby given to the public that gold ornaments pledged with ESAF Small Finance Bank Ltd. against various loan accounts and remaining overdue/ unredeemed despite repeated notices will be auctioned for recovery of the Bank's dues, in accordance with applicable banking regulations and policies.

**DETAILS OF AUCTION**

**Mode of Auction:** Off-line (Physical Auction through Branches)

**Date of Auction:** 03-09-2026 | **Time:** 11:00 AM to 01:00 PM

**Auction Venues:** The auction will be conducted at the following ESAF Small Finance Bank branches in **West Bengal**

Interested bidders are requested to visit the respective branches for participation. For detailed branch addresses and contact numbers, please visit the Bank's official website

**BRANCH NAME - LOAN ACCOUNT NUMBER**

**Cooch Behar**: 63250001504544, 63260000292348, 0299026, 0300086, 0304778, 0327355, 0341277, 0346718, 0350190, 0350650, 0351998, 0354593, **Howrah**: 63260000306765, 0323652, 0331716, 0333223, 0354553, **Kolkata (GariaRathtalla)**: 63260000319060, 0325628, 0346238, 0352786, **Kolkata (G C Avenue)**: 63260000328733, 0345460, **Malda**: 63260000290162, 0296621, 0298977, 0302042, 0322274, 0328503, 0334721, 0337836, 0350810, 0353235, **Raniganj**: 63260000299356, 0311205, 0343394, 0354963, 75260000319813, **Kharagpur**: 63260000297949, 0313241, 0319680, 0319940, 0327455, 0341457, 0348235, 0354363, 0354463, 0356049, 75260000103659, 0118551, 0125637, 0145429, 0147166, 0151887, 0171879, 0255202, 0329604, **Haldia**: 63260000293146, 75260000128642, **Balurghat**: 63260000294605, 75260000255212, 0279826.

**Important Instructions:** Borrowers may redeem their pledged gold ornaments by clearing the total dues along with applicable charges at least two days prior to the auction date. Interested bidders must carry valid KYC documents. GST Registration Number is mandatory for firms/companies, wherever applicable. Bidders are required to deposit an Earnest Money Deposit (EMD) of Rs.2,500 before participating in the auction. The auction will be conducted on an "as is where is" and "as is what is" basis. The Bank reserves the right to cancel/postpone the auction or reject any bid without assigning any reason. Participation in the auction shall be deemed acceptance of all terms and conditions of the Bank. The Minimum Reserve Price will be fixed by bank on the basis of IBJA Rate as applicable on the basis of purity of Gold.

Place: **Thrissur**
Date: **31-07-2026**

(Sd/-) Authorized Signatory
**ESAF Small Finance Bank Ltd.**



**ন্যাশানাল কোম্পানি ল ট্রাইব্যুনালের সমীপে, কলকাতা**
**কোম্পানি পিটিশন নং সিপি (সিএএ) ৬১/ কেবি/ ২০২৬**
**কোম্পানি অ্যাপ্লিকেশন নং সিএ (সিএএ) ৩৫/ কেবি/ ২০২৬**

(কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ২৩০-২৩২ এর অধীনে)
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর সম্পর্কিত বিষয়
এবং
**সম্পর্কিত বিষয়:**
সোমানি বাথওয়্যার লিমিটেড, কোম্পানি আইন, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা– ৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ১/ হস্তান্তরকারী কোম্পানি নং ১
এবং
**সম্পর্কিত বিষয়:**
**সোমানি এক্সেল ভিট্রিফায়েড প্রাইভেট লিমিটেড**, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ২/ হস্তান্তরকারী কোম্পানি নং ২
এবং
**সম্পর্কিত বিষয়:**
**এসআর কন্টিনেন্টাল লিমিটেড,** কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা– ৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ৩/ হস্তান্তরকারী কোম্পানি নং ৩
এবং
**সম্পর্কিত বিষয়:**
**সোমানি সিরামিক্স লিমিটেড,** কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ৪/ হস্তান্তরগ্রহীতা কোম্পানি

**পিটিশনের বিজ্ঞপ্তি**

আবেদনকারী কোম্পানিগুলি এবং তাদের নিজ নিজ শেয়ারহোল্ডার ও পাওনাদারদের মধ্যে প্রস্তাবিত স্কিম অফ অ্যামালগ্যামেশন (সংযুক্তি প্রকল্প)-এর অনুমোদনের জন্য কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ২৩০ থেকে ২৩২ ধারার অধীনে একটি পিটিশন ২১ জুলাই, ২০২৬ তারিখে শুনানির জন্য ন্যাশানাল কোম্পানি ল ট্রাইব্যুনালের মাননীয় কলকাতা বেঞ্চের সমক্ষে আবেদনকারীদের দ্বারা পেশ করা হয়েছিল এবং ২১ জুলাই, ২০২৬ তারিখের একটি আদেশের মাধ্যমে, উক্ত পিটিশনের শুনানির দিন ন্যাশানাল কোম্পানি ল ট্রাইব্যুনালের কলকাতা বেঞ্চের সমক্ষে ২৮ আগস্ট, ২০২৬ তারিখে ধার্য করা হয়েছে। উক্ত পিটিশনটি সমর্থন বা বিরোধিতা করতে ইচ্ছুক যে কোনও ব্যক্তিকে আবেদনকারীদের আইনজীবীর কাছে তাঁর নাম ও ঠিকানাসহ তাঁর নিজের বা তাঁর আইনজীবীর দ্বারা স্বাক্ষরিত অভিপ্রায়ের বিজ্ঞপ্তি পাঠাতে হবে, যাতে সেটি পিটিশনের শুনানির জন্য ধার্য করা তারিখের 'দু’দিন' আগে আবেদনকারীদের আইনজীবীর কাছে পৌঁছায়। যেখানে তিনি পিটিশনের বিরোধিতা করতে চান, সেখানে বিরোধিতার কারণ বা তাঁর হলফনামার একটি প্রতিলিপি উক্ত বিজ্ঞপ্তির সাথে জমা দিতে হবে। পিটিশনের একটি প্রতিলিপি এর জন্য নির্ধারিত মূল্য প্রদানের ভিত্তিতে যে কোনো ইচ্ছুক ব্যক্তিকে নিম্নস্বাক্ষরকারীর দ্বারা প্রদান করা হবে।

তারিখ: ৩০ জুলাই, ২০২৬
স্বাঃ/-
**প্রদীপ কুমার জেওরাজকা**
আবেদনকারীদের আইনজীবী
১২, ওল্ড পোস্ট অফিস স্ট্রিট, ২ নং ফ্লোর
কলকাতা- ৭০০০০১



GRIHUM

**গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড**

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৬, ‘বি’ বিল্ডিং, গঙ্গা ট্রুনো, লোহেগাঁও, পুনে, মহারাষ্ট্র–৪১১০১৪

**পরিশিষ্ট–IV**
**[রুল ৮(১) দ্রষ্টব্য]**
**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, উপরিলিখিত কর্পোরেট/ রেজিস্টার্ড অফিস সংবলিত গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড, (এখানে এর পরে ‘সুরক্ষিত ঋণদাতা’ হিসেবে উল্লিখিত)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে ‘উক্ত অ্যাক্ট’ হিসেবে উল্লিখিত)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **২৫ জুলাই ২০২৬ তারিখে** সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা এই সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তিগুলি নিয়ে যে–কোনও লেনদেন দাবিকৃত অর্থাঙ্ক ও এর ওপর সুদ সমেত সুরক্ষিত ঋণদাতার প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। দখল নেওয়া সম্পত্তিগুলির বিশদ তথ্য নিম্নরূপ:

| ক্রম নং | ঋণগ্রহীতাগণের নাম | সম্পত্তির বিবরণ | দখল নেওয়ার তারিখ | বিধিবদ্ধ দাবি বিজ্ঞপ্তির তারিখ | দাবিকৃত অর্থাঙ্ক (₹) |
|---|---|---|---|---|---|
| ১ | শাহজামান কাজী, ঝুমপা বিবি | মৌজা সিঙ্গী, জে.এল. নং ১৬৩, থানা- বোলপুর, বীরভূম জেলার সিঙ্গী গ্রাম পঞ্চায়েতে এল.আর. দাগ নং ৪৬৫৭, খতিয়ান নং ১৬২১, এল.আর. খতিয়ান নং ৭১৬৪-এর অংশ নিয়ে গঠিত প্রায় ৭ শতক পরিমাপের সমস্ত জমি। **প্লটের সীমানা:**-উত্তরে: কৃষি জমি, দক্ষিণে: কৃষি জমি, পূর্বে: কৃষি জমি, পশ্চিমে: কৃষি জমি। | ২৫/০৭/২০২৬ | ১১/১১/২০২৫ | **লোন নং HF0620H21100033** ₹ ৭,৫১,৮৫২/- (সাত লক্ষ একান্ন হাজার আটশত বাহান্ন টাকা মাত্র) যা ১১/১১/২০২৫ তারিখ অনুযায়ী পরিশোধযোগ্য এবং আদায় না হওয়া পর্যন্ত বার্ষিক ১৭.৬০% হারে সুদ প্রযোজ্য। |
| ২ | প্রীতিলতা দে, দীনবন্ধু দে, উজ্জ্বল দে | দুটি দলিলের সমন্বয়ে গঠিত ৩.২৫ ডেসিমেল পরিমাপের সমস্ত জমির সমগ্র অংশ, দলিল নং ২৮৮৫, বছর ২০২০ এবং দলিল নং ১৭৯১, বছর ২০১২, শ্রেণিকরণ বাস্তু, বীরভূম জেলার নানুর থানার মৌজা আটকুলা, জে.এল. নং ১১২, এল.আর খতিয়ান নং ১৭৬৯, আর.এস. ও এল.আর. দাগ নং ১৫৫০-এ অবস্থিত। | ২৫/০৭/২০২৬ | ১১/১১/২০২৫ | **লোন নং LAP05742000000005013311** ₹ ১৬,১৬,৫৯৫/- (ষোল লক্ষ ষোল হাজার পাঁচশত পঁচানব্বই টাকা মাত্র) যা ১১/১১/২০২৫ তারিখ অনুযায়ী পরিশোধযোগ্য এবং আদায় না হওয়া পর্যন্ত বার্ষিক ১৭.৩৫% হারে সুদ প্রযোজ্য। |

**স্থানীয় ভাষায় প্রকাশিত বিজ্ঞপ্তির সঙ্গে ইংরেজি সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির বিষয়বস্তুতে কোনও ফারাক দেখা গেলে, ইংরেজি ভাষায় ‘বিজনেস স্ট্যান্ডার্ড’ সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির বিষয়বস্তু সঠিক হিসেবে গণ্য হবে।**

স্থান: কলকাতা তারিখ: ৩১.০৭.২০২৬

স্বাঃ– অনুমোদিত আধিকারিক, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড



বैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda

**আরওএসএআরবি কেএমআর**
৪, ব্র্যাবোর্ন রোড, কলকাতা–৭০০০০১
ই–মেল: SARKOL@bankofbaroda.bank.in

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

অ্যানেক্সার ‘এ’
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
**পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের পরিপ্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে **ব্যাঙ্ক অফ বরোদা**, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

| ক্রম/ লট নং | ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা | জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ | মোট বকেয়া | ই–নিলামের তারিখ ও সময় | সংরক্ষণ মূল্য ইএমডি অর্থাঙ্ক বিড বাড়ানোর মূল্য | দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক) | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মেসার্স স্মাইল্যাক্স ট্রেক্সিম প্রাঃ লিঃ (১২, কৈলাশ বোস স্ট্রিট, ওয়ার্ড নং ২৭, কলকাতা–৭০০০০৬) ডিরেক্টর: মিঃ উত্তম চক্রবর্তী ডিরেক্টর: মিসেস অমিয়া চক্রবর্তী | বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে তিনটি রুম, কিচেন, বাথ ও প্রিভি (টয়লেট) নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ৯০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৭এ, কৈলাশ বোস স্ট্রিট, ওয়ার্ড নং ২৭, থানা– আমহার্স্ট স্ট্রিট, কলকাতা–৭০০০০৬। **সম্পত্তিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর**– ৩৩, মদন মিত্র লেন; **দক্ষিণ**– ৭বি, কৈলাশ বোস স্ট্রিট, কলকাতা–৭০০০০৬; **পূর্ব**– ৭সি, কৈলাশ বোস স্ট্রিট, কলকাতা–৭০০০০৬; **পশ্চিম**– কর্পোরেশনের গলি। | ₹ ২,৭৪,১০,৩৬৮.৩৪ তৎসহ চূড়ান্ত পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ, মাশুল ও চার্জ | ২৫.০৮.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | ক) ₹৫৬,৭০,০০০.০০ খ) ₹৫,৬৭,০০০.০০ গ) ₹১০,০০০.০০ | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে আসবেন) |
| ২ | মেসার্স মা গৌরী বাগদা হারভেস্ট সেন্টার পানিচিয়ারি, গ্রাম– খড়িপুকুরিয়া, মারিশদা, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৪৪৪ | দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ৩০ ডেসিমেল স্বয়ংসম্পূর্ণ জমির অপরিহার্য সমগ্র পরিমাণের রেজিস্টার্ড সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা– খড়িপুকুরিয়া, জে এল নং ১৫৭, আর এস এবং এল আর দাগ নং ৬৪০, এল আর খতিয়ান নং ৪৯৭, পরবর্তীতে ৩০৫/১, বর্তমানে ১৩১৮, কুমিরদা ৩ নং গ্রাম পঞ্চায়েতের স্থানীয় এলাকাধীন, পানিচিয়ারি, থানা– মারিশদা, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, সম্পত্তির স্বত্বধারক: মিঃ মহাদেব জানা, পিতা– মনোরঞ্জন জানা। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– দাগ নং ৬৩৯; **দক্ষিণ**– দাগ নং ৬৫০ ও ৬৪৯; **পূর্ব**– একই দাগের জমি; **পশ্চিম**– নয়ানজুলি। | ₹ ১,৫৩,৬৬,৪৫৬.০০ তৎসহ ০৭.১০.২০১৯ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত অপ্রযুক্ত সুদ, মাশুল ও চার্জ | ১৭.০৮.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | ₹১,৫৫,১১,৫০০.০০ ₹১৫,৫১,১৫০.০০ ₹১০,০০০.০০ | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে আসবেন) |
| ৩ | ঋণগ্রহীতা: মিঃ সঞ্জীব সমাদ্দার ঠিকানা নং ১: ২৮/এফ, বিধুভূষণ সেনগুপ্ত রোড, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ ঠিকানা নং ২: ২৩৯, বিধুভূষণ সেনগুপ্ত রোড, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ জামিনদার: মিঃ রণেন্দ্র নাথ কুণ্ডু ঠিকানা: ৯২/২২, গার্ডেনরিচ রোড, কলকাতা–৭০০০৪৩ | নিম্নোক্ত বিল্ডিংয়ের সম্পূর্ণ ফার্স্ট ফ্লোর জুড়ে সামান্য কমবেশি ১২০০ বর্গফুট মাপের একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ২৩৯, বি বি সেনগুপ্ত রোড, জে এল নং ৫, তৌজি নং ৯, আর এস নং ১৮৮, পরগনা– মাগুরা, দাগ নং ২৪৫ ও ২৪৬, খতিয়ান নং ১২৬ ও ১৩৬, কেএমসি ওয়ার্ড নং ১২৮, থানা এবং এডিএসআরও– বেহালা, মৌজা– গঙ্গারামপুর। **চৌহদ্দি (যে জমির ওপর বন্ধক রাখা এই সম্পত্তিটি অবস্থিত): উত্তর**– প্রেমিসেস নং ৩০জি এবং ৩০২, বি বি সেনগুপ্ত রোড; **দক্ষিণ**– ১৬ ফুট চওড়া বি বি সেনগুপ্ত রোড; **পূর্ব**– ৩০ই, বি বি সেনগুপ্ত রোড; **পশ্চিম**– ৩০এইচ, বি বি সেনগুপ্ত রোড। **সম্পত্তির স্বত্বধারক সঞ্জীব সমাদ্দার।** | ₹ ১৪,০২,৭০১.০০ তৎসহ এনপিএর তারিখ থেকে অপ্রযুক্ত সুদ, মাশুল ও চার্জ | ২৫.০৮.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | ₹১৯,২৪,৫৬০.০০ ₹১,৯২,৪৫৬.০০ ₹১০,০০০.০০ | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে আসবেন) |
| ৪ | মিসেস উর্মি মাইতি ঠিকানা নং ১: ‘স্বপ্নমন্দির অ্যাপার্টমেন্ট’, ফ্ল্যাট নং ‘ই’, ৩ নং ফ্লোর, ৫/৯/১, নৃপেন ঘোষ সরণি, পোঃঅঃ– হৃদয়পুর, থানা– বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১২৭ ঠিকানা নং ২: বোদাই, পোঃঅঃ– বোদাই, থানা– আমডাঙা, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১২৬ সন্দীপ কুমার মাইতি ঠিকানা নং ১: ‘স্বপ্নমন্দির অ্যাপার্টমেন্ট’, ফ্ল্যাট নং ‘ই’, ৩ নং ফ্লোর, ৫/৯/১, নৃপেন ঘোষ সরণি, পোঃঅঃ– হৃদয়পুর, থানা– বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১২৭ ঠিকানা নং ২: বোদাই, পোঃঅঃ– বোদাই, থানা– আমডাঙা, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১২৬ | ‘স্বপ্নমন্দির অ্যাপার্টমেন্ট’ নামে পরিচিত জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ৩ নং ফ্লোরে দক্ষিণ–পূর্ব কোণে ২টি বেডরুম, ১টি ডাইনিং রুম, ১টি কিচেন, ১টি টয়লেট, ১টি ডব্লুসি ও ১টি বারান্দা নিয়ে গঠিত সামান্য কমবেশি ৭৮৩ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত আবাসিক ফ্ল্যাট নং ‘ই’–এর অপরিহার্য সমগ্র পরিমাণ, তৎসহ উক্ত বিল্ডিংয়ের যৌথ এলাকা ও সাধারণ সুযোগ–সুবিধা, এজমালি অধিকার সহ বিল্ডিংয়ের নিম্নস্থিত সামান্য কমবেশি ৬ কাঠা ৬ ছটাক ৫ বর্গফুট [আর এস দাগ নং ৩৩২, এল আর দাগ নং ৬৮৫, আর এস খতিয়ান নং ১৩২, এল আর খতিয়ান নং ১৭৬৮/১ সংবলিত ৩ কাঠা ৮ ছটাক ৫ বর্গফুট এবং আর এস দাগ নং ২৪৭ ও ২৪৮, এল আর দাগ নং ৬৯১, আর এস খতিয়ান নং ১৩৪ ও ২২৩, এল আর খতিয়ান নং ৪৩৯ সংবলিত ২ কাঠা ১৪ ছটাক] বাস্তু জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার যার স্থিতি ও বিবরণ: মৌজা– হরিহরপুর, জে এল নং ৪০, রে সা নং ১১৯, তৌজি নং ১৪৬, পরগনা– আনোয়ারপুর, থানা– বারাসত, এডিএসআর– বারাসত–এর অধিক্ষেত্রাধীন, বারাসত পুরসভার এলাকাধীন, ওয়ার্ড নং ৩৫ (নতুন), পুরনো নং ৩০, হোল্ডিং নং ৫/৯/১, নৃপেন ঘোষ সরণি, পোঃঅঃ– হৃদয়পুর, থানা– বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– লিফ্‌ট, সিঁড়ি ও করিডর; **দক্ষিণ**– উন্মুক্ত আকাশ; **পূর্ব**– চৌধুরি ভিলা; **পশ্চিম**– ফ্ল্যাট নং ‘ডি’। | ₹২৫,৬৯,৯৩৯.০০ তৎসহ এনপিএর তারিখ থেকে অপ্রযুক্ত সুদ, মাশুল ও চার্জ | ২৫.০৮.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | ₹১৬,০৯,৪৭০.০০ ₹১,৬০,৯৪৭.০০ ₹১০,০০০.০০ | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে আসবেন) |

**বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই ফোন নম্বরে যোগাযোগ করতে পারেন: ৮৩৩৫০০৫০৬৬।**

তারিখ: ৩০.০৭.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা



बैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda

**রিজিওনাল স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ**
**কলকাতা মেট্রো রিজিয়ন II**
ফার্স্ট ফ্লোর, ৩, এম এল মিত্র রোড, কলকাতা–৭০০০১৭
ই–মেল আইডি: SARKMT@bankofbaroda.bank.in

**ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি**

অ্যানেক্সার ‘এ’
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি; ‘পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে সুরক্ষিত ঋণদাতা রূপে ব্যাঙ্ক অফ বরোদার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং সুরক্ষিত ঋণদাতা রূপে ব্যাঙ্ক অফ বরোদার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেমন আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

| ক্রম /লট নং | ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা | জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ | মোট বকেয়া | ই–নিলামের তারিখ ও সময় | সংরক্ষণ মূল্য ইএমডি অর্থাঙ্ক বিড বাড়ানোর মূল্য | দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক) | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | **মেসার্স অনিন্দিতা অটোমোবাইলস প্রোপ্রাইটর: সৌমিত্র হাজরা** গ্রাম ও পোঃঅঃ– জুজেরশা, থানা– পাঁচলা, হাওড়া, পিন–৭১১৩০২, পশ্চিমবঙ্গ ‘শ্রী অ্যাপার্টমেন্ট’, ফ্ল্যাট নং ০১, এ, আন্দুল পূর্বপাড়া স্ট্রিট, হাওড়া–৭১১৩০২, থানা– সাঁকরাইল, আন্দুল গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন | মোট ০৮ কাঠা ০৫ ছটাক ১ বর্গফুট [যার মধ্যে আর এস দাগ নং ৭৪৬, আর এস খতিয়ান নং ৬৪০, এল আর দাগ নং ৮৩০, এল আর খতিয়ান নং ১৩৮০ সংবলিত প্রায় ২ ডেসিমেল বা ০১ কাঠা ০৩ ছটাক ১৭ বর্গফুটের সমতুল; আর এস দাগ নং ৭৪৫, আর এস খতিয়ান নং ৬৪৩, এল আর দাগ নং ৮২৯, এল আর খতিয়ান নং ২২৪/১ সংবলিত মোট ০৬ ডেসিমেলের মধ্যে প্রায় ০৪ ডেসিমেল বা ০২ কাঠা ০৭ ছটাক ০৩ বর্গফুটের সমতুল এবং আর এস দাগ নং ৭৪৪, আর এস খতিয়ান নং ৬৪২, এল আর দাগ নং ৮২৭, এল আর খতিয়ান নং ১৭৩২ (কৃ) সংবলিত প্রায় ০৩ ডেসিমেল বা সামান্য কমবেশি ০১ কাঠা ১৩ ছটাক ০৩ বর্গফুটের সমতুল ডাঙ্গা শ্রেণিভুক্ত] মাপের বাস্তু শ্রেণিভুক্ত জমিতে নির্মিত ‘শ্রী অ্যাপার্টমেন্ট’ নামক বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে ২টি বেডরুম, ১টি ডাইনিং কাম লিভিং রুম, ১টি কিচেন রুম, ১টি বারান্দা, ১টি ডব্লুসি বাথ/ টয়লেট, ১টি অ্যাটাচড টয়লেট নিয়ে গঠিত সামান্য কমবেশি ৫২৯ বর্গফুট কভার্ড এরিয়া (১৫% হারে সুপার বিল্ট আপ এরিয়া বাবদ ৭৯ বর্গফুট ধরে মোট প্রায় ৬০৮ বর্গফুট মাপের) আবাসিক ফ্ল্যাট নং ০১–এর অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা– আন্দুল, জে এল নং ২৯, থানা– সাঁকরাইল, জেলা– হাওড়া, এডিএসআর– রানিহাটি, ডিএসআর– হাওড়া, **সম্পত্তির স্বত্বধারক: শ্রী সৌমিত্র হাজরা। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– উন্মুক্ত জায়গা; দক্ষিণ– চলাচলের সাধারণ পরিসর; পূর্ব– ফ্ল্যাট নং ০২; পশ্চিম– উন্মুক্ত জায়গা এবং সিঁড়ি। | ₹ ২৭,৮৫,৬৮৯.৩৫ তৎসহ ১৮.১০.২০২৩ থেকে সুদ ও চার্জ | ২৫.০৮.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা প্রতি ক্ষেত্রে ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে | ₹১৩,৮১,০০০.০০ ₹১,৩৮,১০০.০০ ₹১০,০০০.০০ | বাস্তবিক | ০৩.০৮.২০২৬ থেকে ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো সম্পর্কিত আধিকারিক: সুধীর কুমার গুপ্ত মোবাইল: ৭৯৯২২ ৯৭৭৯২ (আগাম যোগাযোগ করে আসবেন) |
| ২ | **মিঃ গোবিন্দ প্রসাদ সিং এবং মিসেস সুভদ্রা সিং ঠিকানা:** এলপি ৩৮/১৬/৭/৩, বিবেকানন্দ পার্ক, বিবেকানন্দ মূর্তির কাছে, নতুনহাট, মহেশতলা পুরসভা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭০০১৪১, পশ্চিমবঙ্গ | সামান্য কমবেশি ২ কাঠা ৯ ছটাক জমি এবং এর ওপর নির্মিত সামান্য কমবেশি ১৯৪৫ বর্গফুট কার্পেট এরিয়া (বিল্ট আপ এরিয়া ১৯৪৬ বর্গফুট) বিশিষ্ট স্বয়ংসম্পূর্ণ একতলা বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– রামনগর, পরগনা– বালিয়া, জে এল নং ২৬, তৌজি নং ৬৫, আর এস নং ৭৪, দাগ নং ৩৮২ (জমির পরিমাপ ২ কাঠা ৩ ছটাক), আর এস খতিয়ান নং ১২, এল আর খতিয়ান নং ৪৪৭/১ (কৃ), ৪৯১/২ (কৃ) ও ৩০৩ (কৃ) এবং দাগ নং ৩৯৪ (জমির পরিমাপ ৬ ছটাক), আর এস খতিয়ান নং ১৮৫, এল আর খতিয়ান নং ২২৮ (কৃ), বর্তমান এল আর খতিয়ান নং ২০৬০, মহেশতলা পুরসভা, হোল্ডিং নং এইচ২–৬৪/ নিউ বিবেকানন্দ পার্ক রোড, ওয়ার্ড নং ২৩, থানা– মহেশতলা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন–৭০০১৪১, সম্পত্তির স্বত্বধারক: মিসেস সুভদ্রা সিং। | ₹ ৪২,৪৭,৯৮৬.০০ তৎসহ ২৩.০৩.২০২৫ থেকে সুদ ও চার্জ | ০৮.০৯.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা প্রতি ক্ষেত্রে ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে | ₹৩৬,৫২,০০০.০০ ₹৩,৬৫,২০০.০০ ₹১০,০০০.০০ | বাস্তবিক | ০১.০৮.২০২৬ থেকে ০৭.০৯.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো সম্পর্কিত আধিকারিক: সুধীর কুমার গুপ্ত মোবাইল: ৭৯৯২২ ৯৭৭৯২ (আগাম যোগাযোগ করে আসবেন) |

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং https://baanknet.co**m ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই নম্বরে যোগাযোগ করতে পারেন: **০৩৩–২২৮৩ ৭৮৮৮, মোবাইল: ৭৯৯২২ ৯৭৭৯২।**

SCAN HERE

**বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য**

**তারিখ: ৩১.০৭.২০২৬**
**স্থান: কলকাতা**

**নাম: সুধীর কুমার গুপ্ত**
**অনুমোদিত আধিকারিক**
**ব্যাঙ্ক অফ বরোদা**